



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এমপিও শাখা
এফ-৪/বি, আগারগাঁও, প্র/এ
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৫।

স্মারক নং-৫৭.০৩.০০০০.০০০.০২৮.২০.০০১.২৫- ১৬৪

তারিখঃ ১১/০৩/২০২৬ খ্রিঃ

নোটিশ

বিষয়: কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন বেসরকারি এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের মার্চ/২০২৬ মাসের এমপিও এর অর্থ EFT-তে প্রেরণের লক্ষ্যে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক অনলাইনে বিল সাবমিট সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অনলাইনে এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের মার্চ/২০২৬ মাসের এমপিও এর অর্থ EFT-তে প্রেরণের লক্ষ্যে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক এমপিওভুক্ত জনবলের Bill Submit অপশন অনলাইনে চালু করা হয়েছে। প্রতিষ্ঠান প্রধান TEMIS সফটওয়্যারে লগইন করে পূর্বের ন্যায় Monthly Salary Submission অপশনে গিয়ে মার্চ/২০২৬ মাসের Bill Submit করবেন।

প্রতিষ্ঠানের এমপিও তালিকাভুক্ত বিদ্যমান শিক্ষক-কর্মচারীদের মধ্যে কারও স্ট্যাটাস পরিবর্তন হলে (মৃত/পদত্যাগ/অবসর) তা টেমিস সফটওয়্যারের Non Govt. Employee → EFT Employee Status Change (iBAS++ Validated) অপশনে গিয়ে এন্ট্রি করবেন। এছাড়া, সাময়িক বরখাস্ত, অনুমোদনহীন অনুপস্থিতি বা অন্য কোনো কারণে বিধি মোতাবেক কোনো শিক্ষক-কর্মচারীর আংশিক বা সম্পূর্ণ বেতন কর্তন/বন্ধ করার প্রয়োজন হলে প্রতিষ্ঠান প্রধান Bill Submit অপশনে তা উল্লেখ করবেন।

এমতাবস্থায়, আগামী ১৬/০৩/২০২৬ খ্রিঃ বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে মার্চ/২০২৬ মাসের এমপিও এর বিল EFT-তে সাবমিট করার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বি: দ্র: যদি কোন প্রতিষ্ঠানের উক্ত মাসের বেতন ভাতা EFT এবং ম্যানুয়াল MPO SHEET উভয় মাধ্যমে যায় তাহলে MPO SHEET এর মাধ্যমে বিল না তোলার জন্য পরামর্শ প্রদান করা হল। তাছাড়া শিক্ষক-কর্মচারীর এমপিও এর অর্থ EFT-তে প্রেরণের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধানের দাখিলকৃত তথ্যই চূড়ান্ত হিসেবে বিবেচিত হবে। ভুল তথ্যের কারণে কোনো শিক্ষক-কর্মচারীর এমপিও এর অর্থ প্রেরণে যেকোন প্রকার জটিলতার সৃষ্টি হলে তার দায়ভার প্রতিষ্ঠান প্রধানের উপর বর্তাবে।

Shaban
১১/০৩/২৬

(মো: সাইফুল হক খান)
সহকারী পরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর

স্মারক নং-৫৭.০৩.০০০০.০০০.০২৮.২০.০০১.২৫- ১৬৪ (২২৭০)

তারিখঃ ১১/০৩/২০২৬ খ্রিঃ

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

১. পরিচালক (প্রশাসন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

২. আঞ্চলিক পরিচালক (সকল)।

৩. অধ্যক্ষ/সুপার/প্রধান শিক্ষক, বেসরকারি এমপিওভুক্ত কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠান সমূহ (সকল)।

৪. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৫. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

৬. সংরক্ষণ নথি।

Shaban
১১/০৩/২৬

(মো: সাইফুল হক খান)
সহকারী পরিচালক